# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ নশ্বর এই দুনিয়ার যেসব উপকরণ মানুষকে সন্দেহে নিপতিত করে দেয়, সে ব্যাপারে সতর্কীকরণ

ذِكْرُ الزَّجْرِ عَمَّا يُرِيبُ الْمَرْءَ مِنْ أَسْبَابِ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ الزَّائِلَةِ

---

আরবী

720 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ التِّرْمِذِيُّ قَالَ: حَدَّثَنَا مُؤَمَّلُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: حَدَّثَنَا بُرَيْدُ بْنُ أَبِي مَرْيَمَ عَنْ أَبِي الْحَوْرَاءِ السَّعْدِيِّ قَالَ: قُلْتُ لِلْحَسَنِ بْنِ عَلِيٍّ: حَدِّثْنِي بِشَيْءٍ حَفِظْتَهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يُحَدِّثْكَ بِهِ أَحَدٌ قَالَ: قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:
(دَعْ مَا يُرِيبُكَ إِلَى مالا يريبك) قال (الْخَيْرُ طُمَأْنِينَةٌ وَالشَّرُّ رِيبَةٌ) وأُتي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَيْءٍ مِنْ تَمْرِ الصَّدَقَةِ فأخذتُ تَمْرَةً فَأَلْقَيْتُهَا فِي فِيَّ فَأَخَذَهَا بِلُعَابِهَا حَتَّى أَعَادَهَا فِي التَّمْرِ فَقِيلَ لَهُ: يَا رَسُولَ اللَّهِ مَا كَانَ عَلَيْكَ مِنْ هَذِهِ التَّمْرَةِ مِنْ هَذَا الصَّبِيِّ؟ فقَالَ:(إِنَّا آلَ مُحَمَّدٍ لَا يَحِلُّ لَنَا الصَّدَقَةُ) وَسَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْعُو بِهَذَا الدُّعَاءِ: (اللَّهُمَّ اهْدِنَا فِيمَنْ هَدَيْتَ وَعَافِنَا فِيمَنْ عَافَيْتَ وَتَوَلَّنَا فِيمَنْ تَوَلَّيْتَ وَبَارِكْ لَنَا فِيمَا أَعْطَيْتَ وَقِنَا شَرَّ مَا قَضَيْتَ إِنَّكَ تَقْضِي وَلَا يُقضى عَلَيْكَ إِنَّهُ لَا يَذِلُّ مَنْ وَالَيْتَ تباركت وتعاليت)
الراوي : أَبُو الْحَوْرَاءِ السَّعْدِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 720 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭২০. আবুল হাওরা আস সা'দী থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি হাসান বিন আলী রাদ্বিয়াল্লাহু তা'আলা

আনহুমাকে বললাম, আপনি আমাকে এমন হাদীস বর্ণনা করুন, যা আপনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে মুখস্ত করেছেন; অন্য কেউ আপনাকে হাদীস বর্ণনা করেননি।” রাবী বলেন, তখন তিনি বললেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যেসব জিনিস তোমাকে সন্দেহে নিপতিত করে, তা ছেড়ে সেসব জিনিস গ্রহণ করো যা তোমাকে সন্দেহে নিপতিত করে না।” তিনি আরো বলেছেন, “ভালো কাজ সেটাই যা অন্তরে প্রশান্তি যোগায় আর মন্দ কাজ হলো সন্দেহমূলক।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে কিছু সাদাকার খেজুর আসে, আমি সেখান থেকে একটি খেজুর নিয়ে আমার মুখে দেই অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার মুখের ভিতর থেকে লালাসহ খেজুরটি বের করে নিয়ে নেন এবং তা আবার সাদাকার খেজুরের মাঝে রেখে দেন। অতঃপর তাঁকে বলা হলো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই শিশুর কাছে খেজুরটি নেওয়া তো আপনার প্রয়োজন ছিল না।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমাদের অর্থাৎ মুহাম্মাদ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পরিবার-পরিজনদের জন্য সাদাকাহ বৈধ নয়।”

আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নিম্নোক্ত দু‘আটি পড়তে শুনেছি:

اللَّهُمَّ اهْدِنَا فِيمَنْ هَدَيْتَ، وَعَافِنَا فِيمَنْ عَافَيْتَ، وَتَوَلَّنَا فِيمَنْ تَوَلَّيْتَ، وَبَارِكْ لَنَا فِيمَا أَعْطَيْتَ، وَقِنَا شَرَّ مَا قَضَيْتَ، إِنَّكَ تَقْضِي وَلَا يُقْضَى عَلَيْكَ، إِنَّهُ لَا يَذِلُّ مَنْ وَالَيْتَ، تَبَارَكْتَ وَتَعَالَيْتَ

অর্থ: “হে আল্লাহ, আমাদেরকে হেদায়েত দান করুন তাদের মাঝে যাদেরকে আপনি হেদায়েত দান করেছেন। আমাদেরকে হেদায়েত দান করুন তাদের মাঝে যাদেরকে আপনি হেদায়েত দান করেছেন। আমাদেরকে নিরাপত্তা দান করুন তাদের মাঝে যাদেরকে আপনি নিরাপত্তা দান করেছেন। আমাদের দায়িত্বভার গ্রহণ করুন তাদের মাঝে যাদের আপনি দায়িত্বভার গ্রহণ করেছেন। আপনি আমাদেরকে যা কিছু প্রদান করেছেন, তাতে বারাকাহ দিন। আমাদেরকে রক্ষা করুন আপনার মন্দ ফায়সালা থেকে। নিশ্চয়ই আপনি ফায়সালা করেন, আপনার উপর কেউ ফায়সালা করতে পারে না। আপনি যার দায়িত্বভার গ্রহণ করেন তাকে কেউ অপদস্থ  করতে পারে না। আপনি বরকতময় এবং সুমহান।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২০০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৯৮৪; আত তাবারানী: ২৭১১; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ৮/২৬৪; আত তায়ালিসী: ১১৭৮; তিরমিযী: ২৫১৮; হাকিম, আল মুসতাদরাক: ২/১৩; নাসাঈ: ৮/৩২৭; দারেমী: ২/২৪৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ২০৩২; তারীখু বাগদাদ: ২/২২০; মুসনাদুশ শিহাব: ৬৪৫।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২০৭৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুল হাওরা সাদী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89222

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন